# ফরিদপুর আসনের সীমানা নিয়ে অসন্তোষ অনাকাঙ্ক্ষিত: ইসি সচিব



সংগৃহীত ছবি

ফরিদপুর-২ ও ৪ আসনের সীমানা পরিবর্তন নিয়ে স্থানীয়দের অসন্তোষকে অনাকাঙ্ক্ষিত বলে মন্তব্য করেছেন নির্বাচন কমিশনের (ইসি) সিনিয়র সচিব আখতার আহমেদ। তিনি বলেন, ক্ষোভ থাকলেও তার সমাধান আলোচনার মাধ্যমেই হওয়া উচিত। সীমানা নির্ধারণ ইতোমধ্যে গেজেটে প্রকাশিত হয়েছে এবং এ বিষয়ে মামলা আদালতে বিচারাধীন।

ফরিদপুর-২ ও ফরিদপুর-৪ সংসদীয় আসনের সীমানা নিয়ে চলমান অসন্তোষ প্রসঙ্গে নির্বাচন কমিশনের (ইসি) সিনিয়র সচিব আখতার আহমেদ বলেছেন, “অসন্তোষ থাকতেই পারে, তবে এর প্রকাশ ক্ষতিকর। আমরা সবাই একই দেশের মানুষ, তাই আলোচনার মাধ্যমে সমস্যার সমাধান হওয়াই শ্রেয়।”

মঙ্গলবার (১৬ সেপ্টেম্বর) নির্বাচন ভবনে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ মন্তব্য করেন। তিনি জানান, ফরিদপুর জেলা প্রশাসকের পাঠানো চিঠি তারা পেয়েছেন। তবে সীমানা নির্ধারণ ইতোমধ্যে চূড়ান্ত হয়েছে। পাশাপাশি বিষয়টি আদালতে রিট হওয়ায় এখন আদালতের সিদ্ধান্তের অপেক্ষায় থাকা উচিত।

আখতার আহমেদ আরও বলেন, ফরিদপুরে সীমানা নিয়ে আন্দোলন চলছে তা অস্বীকার করার উপায় নেই। তবে এ ধরনের আন্দোলন দীর্ঘস্থায়ী হওয়া কাম্য নয়।

গত ৪ সেপ্টেম্বর নির্বাচন কমিশন গেজেটের মাধ্যমে ৩০০ আসনের সীমানার চূড়ান্ত তালিকা প্রকাশ করে। এতে ভাঙ্গা উপজেলার আলগী ও হামিরদী ইউনিয়নকে ফরিদপুর-৪ আসন থেকে কেটে ফরিদপুর-২ আসনে অন্তর্ভুক্ত করা হয়। এই পরিবর্তনের পর থেকেই স্থানীয়রা আন্দোলন ও বিভিন্ন কর্মসূচি পালন করছেন।